গণপ্রজাতন্ত্রী বাংলা দেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/৫৩৮ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫ / ০৪ ডিসেম্বর ২০১৮

# সংশোধিত পরিপত্র

বিষয় ঃ জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে নির্মিত জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ০৯ জুন ২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৬).১১/২৯১ নং স্মারকের পরিপত্র আংশিক সংশোধনক্রমে এ সংশোধিত পরিপত্র জারি করা হল।

১। জেলা কমিটি ঃ

| | | |
|---|---|---|
| (১) জেলা প্রশাসক | ঃ | আহবায়ক |
| (২) পুলিশ সুপার | ঃ | সদস্য |
| (৩) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | ঃ | সদস্য |
| (৪) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় ০৩(তিন) জন মুক্তিযোদ্ধা (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকাভুক্ত) | ঃ | সদস্য |
| (৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | ঃ | সদস্য-সচিব |

১.২ কমিটির দায়িত্ব ও কর্মপরিধিঃ

(ক) কমিটি কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ তদারকি ও মনিটরিং করবে;
(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট থেকে ভবন নির্মাণ কাজের সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তির অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্মাণ কাজের বিষয়ে প্রতিবেদন সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবে;
(গ) কমিটির প্রতিবেদনের ভিত্তিতে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে;
(ঘ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত স্থানের (১ম ও ২য় তলা) যৌক্তিক ভাড়া/অগ্রিম নির্ধারণ করতে হবে;
(ঙ) মুক্তিযোদ্ধাগণ যাতে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার করতে পারেন, কমিটি সে বিষয়টি নিশ্চিত করবেন;
(চ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়টি নিশ্চিত করবেন;
(ছ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের জন্য নিয়োগকৃত কর্মচারী কর্তৃক কক্ষসমূহ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন এবং আসবাবপত্র রক্ষণাবেক্ষণ করবে, এর ব্যত্যয় হলে কমিটি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন; এবং
(জ) কমিটি কমপ্লেক্স ভবনের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে।

২। ভবন হস্তান্তর ও রক্ষণাবেক্ষণঃ

(ক) জেলা কমিটির প্রতিবেদনের ভিত্তিতে জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি প্রকল্প পরিচালক কর্তৃক প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কম্যান্ডের নিকট হস্তান্তর করা হবে;
(খ) সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবনটি গণপূর্ত বিভাগের অধীনে বুক ট্রান্সফার হবে এবং গণপূর্ত বিভাগ ভবনসমূহ রক্ষণাবেক্ষণ করবে।

৩। ভবন ভাড়া ও ব্যবহার সংক্রান্ত ঃ

(ক) জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ৩য় তলা নির্বাচিত কমিটি/জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা ও জেলা মুক্তিযোদ্ধাদের সম্মেলন কক্ষ হিসেবে ব্যবহৃত হবে;
(খ) কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান ও দোকান বরাদ্দ/ভাড়া প্রদানের বিষয়টি কমিটির মাধ্যমে নির্ধারিত হবে এবং জেলা মুক্তিযোদ্ধা কম্যান্ড কর্তৃক কমপ্লেক্সটি পরিচালিত হবে;
(গ) কমপ্লেক্স ভবনটির সার্বিক দেখাশুনার-ভার ও মুক্তিযোদ্ধাদের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা অক্ষুন্ন রাখার দায়িত্ব জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কম্যান্ড এর উপর ন্যস্ত থাকবে। প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ভবনটি ব্যবহার করা যাবে না;
(ঘ) কমিটি সময়ে সময়ে ভবনের ১ম ও ২য় তলার ভাড়া বাস্তবতার নিরিখে পুন:নির্ধারণ করবে;
(ঙ) দোকান ভাড়া প্রতিযোগিতামূলকভাবে নির্ধারণ করতে হবে; এবং
(চ) কমিউনিটি সেন্টার/দোকান ভাড়া/বরাদ্দ প্রদান সম্পর্কিত নির্দেশনা ব্যতিত বিকল্প ব্যবহার/ভাড়া প্রদানের প্রয়োজন হলে কমিটির যৌক্তিকতা সম্বলিত সুপারিশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

৪। আর্থিক বিষয় ঃ

(ক) কমিউনিটি সেন্টার ও দোকান বরাদ্দ/ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় হবে ১০%, জেলা ইউনিট কম্যান্ড এর দাপ্তরিক ব্যয় অর্থাৎ কর্মচারীদের বেতনসহ ব্যয় করা হবে সর্বোচ্চ ২৫%, স্থানীয় অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে ১৫%, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার প্রচারণা ও বিভিন্ন দিবস পালন বাবদ ১০% এবং ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সঞ্চয় করতে হবে ৪০%;

(খ) জেলা কমিটি ভাড়ার অর্থ সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

(গ) আদায়কৃত অর্থ জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কম্যান্ড নামে যৌথ হিসাবে যে কোন তফসিলী ব্যাংকে গচ্ছিত থাকবে এবং জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কম্যান্ড এর যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

(ঘ) জেলা কমিটি প্রতি বছর কমপ্লেক্স ভবনের আয়-ব্যয়ের হিসাব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে, যা নিরীক্ষাযোগ্য হবে; এবং

(ঙ) জেলা কমিটি আর্থিক অনুদানের বিষয়টি চূড়ান্ত করবে।

৫। ভবনের জনবল ঃ

জেলা কমিটি প্রকল্পটি সমাপ্তির পর প্রতিটি জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর, ১ জন অফিস সহায়ক ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে।

৬। জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে এ সংশোধিত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

৭। জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৬).১১/২৯১ তারিখঃ ০৯ জুন ২০১৫ মূলে জারিকৃত পরিপত্র এতদ্বারা বাতিল করা হ'ল।

০৪.১২.২০১৬

(মোঃ মমিনুর রহমান)
সহকারী প্রধান
ফোন : ৯৫১১১৮৮

জেলা প্রশাসক (সকল)
............................জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৩। প্রকল্প পরিচালক, সকল জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ (১ম পর্যায়) প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৫। প্রশাসক, মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, -------------------জেলা।
৮। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১০। অফিস কপি/গার্ড ফাইল।